# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২০৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০২]

৬. কিতাবুল হায়েয বা ঋতু (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ঋতুবতী স্ত্রীর শরীরের সাথে শরীর লাগিয়ে শয়ন করা

باب مُبَاشَرَةِ الْحَائِضِ

আরবী

-وَفِيْ رِوَايَةٍ عَنْهَا رَضِيَ الله عَنْهَا قَالَتْ: كَانَتْ إِحْدَانَا إِذَا كَانَتْ حَائِضًا، فَأَرَادَ رَسُولُ اللَّهِ أَنْ يُبَاشِرَهَا، أَمَرَهَا أَنْ تَتَّزِرَ فِي فَوْرِ حَيْضَتِهَا، ثُمَّ يُبَاشِرُهَا، قَالَتْ: وَأَيُّكُمْ يَمْلِكُ إِرْبَهُ كَمَا كَانَ النَّبِيُّ يَمْلِكُ إِرْبَهُ.

বাংলা

২০৬) আয়েশা (রাঃ) হতে অপর বর্ণনায় এসেছে, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীদের কারো যখন হায়েয আসত আর তিনি যদি তাঁর সাথে একত্রে শয়নের ইচ্ছা করতেন, তখন হায়েযের আধিক্যের সময় ভালভাবে লুঙ্গি পরিধান করার আদেশ দিতেন। তারপর তিনি তাঁর শরীরের সাথে শরীর লাগিয়ে শয়ন করতেন। আয়েশা (রাঃ) বলেনঃ তোমাদের মধ্যে এমন কে আছে যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ন্যায় স্বীয় যৌন চাহিদাকে নিয়ন্ত্রণে রাখতে পারে?

## English

Fondling a menstruating wife

`Aisha said: "Whenever Allah's Messenger (ﷺ) wanted to fondle anyone of us during her periods (menses), he used to order her to put on an Izar and start fondling her." `Aisha added, "None of you could control his sexual desires as the Prophet (ﷺ) could."

ফুটনোট

টিকাঃ কোন ব্যক্তি যদি মনে করে, সে তার হায়েয ওয়ালা স্ত্রীর সাথে শরীর লাগিয়ে শয়ন করার সময় নিজেকে নিয়ন্ত্রন করতে পারবেনা তাহলে সে পৃথক বিছানায় শয়ন করবে। হারামে লিপ্ত হয়ে যাওয়ার আশঙ্কা থেকে বাঁচার জন্য এটিই তার জন্য নিরাপদ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89098

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন